গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

স্মারক নং-২৪.০০.০০০০.১১৯.২২.০১৪.১২.

তারিখ: ০৪ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
১৬ফেব্রুয়ারী, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ "জাতীয় পাট দিবস" উদযাপন ও ০৩(তিন) দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা উপলক্ষে ১৪/০২/২০১৭ তারিখে এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম এমপির সভাপতিত্বে অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ৬ মার্চ, ২০১৭ তারিখে "জাতীয় পাট দিবস" উদযাপন ও ০৩(তিন) দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা উপলক্ষে ১৪/০২/২০১৭ তারিখে এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম এমপির সভাপতিত্বে অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরণী অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

(এ. এম সাইফুল হাসান)
উপ-সচিব (আইন) ও সদস্য সচিব।
সার্বিক পরিকল্পনা প্রণয়ন ও প্রধান সমন্বয় কমিটি।
বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মহাপরিচালক, পাট অধিদপ্তর ও আহ্বায়ক, আমন্ত্রিত অতিথিদের তালিকা ও আমন্ত্রণপত্র প্রস্তুত এবং বিতরণ উপ-কমিটি।
০২. অতিরিক্ত সচিব (বে ও বি), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, অর্থ উপ-কমিটি।
০৩. যুগ্ম-সচিব (প্রশা-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, অভ্যর্থনা উপ-কমিটি।
০৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, এসএসএফ সদস্যগণের সাথে লিয়াজো ও সহযোগিতা প্রদান উপ-কমিটি।
০৫. যুগ্ম-সচিব (বস্ত্র), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, যানবাহন উপ-কমিটি।
০৬. যুগ্ম-সচিব (পাট-৩), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও অনুষ্ঠান উপস্থাপনা ও ঘোষণা উপ-কমিটি।
০৭. যুগ্ম-সচিব (বাজেট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সদস্যগণের বসার স্থান প্রস্তুতকরন এবং সহায়তা প্রদান উপ-কমিটি।
০৮. অতিরিক্ত সচিব (আইন), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, সম্মেলন কক্ষে সংক্ষিপ্ত উপস্থাপনের জন্য ডকুমেন্টারী ডিসপ্লে ও সুভিন্যর প্রকাশনা উপ-কমিটি।
০৯. যুগ্ম-সচিব (অডিট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, কর্মকর্তা/কর্মচারীদের নিরাপত্তা পাস ইস্যুকরণ সংক্রান্ত উপ-কমিটি।
১০. অতিরিক্ত সচিব (অডিট ও পাট-৩), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, ভাষণ প্রস্তুতকরণ উপ-কমিটি।
১১. অতিরিক্ত সচিব(পাট), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও সম্মেলন কক্ষের সার্বিক ব্যবস্থা উপ-কমিটি।
১২. অতিরিক্ত সচিব(পাট), আহবায়ক, পুরস্কার প্রদান সংক্রান্ত উপকমিটি।
১৩. যুগ্ম-সচিব (বস্ত্র-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, আসন ব্যবস্থাপনা উপ-কমিটি।
১৪. যুগ্ম-সচিব (পাট-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, ডিসপ্লে ও পাট পণ্য মেলা আয়োজন উপ-কমিটি।
১৫. অতিরিক্ত সচিব (প্রশাসন), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, থিম সং প্রস্তুতকরন সংক্রান্ত উপ-কমিটি।
১৬. মহাপরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা ও সারাদেশব্যাপী একই ধরণের পোষ্টার,লিফলেট,ব্যানার ফেস্টুনসমূহ কেন্দ্রীয় ভাবে নির্দিষ্টকরণ সংক্রান্ত উপ-কমিটি।
১৭. যুগ্ম-সচিব (প্রশাসন-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, পাটপণ্যবাহী ঘোড়ার গাড়ি সাজসজ্জাকরন এবং র‍্যালী ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত উপ-কমিটি।
১৮. অতিরিক্ত সচিব (বে ও বি), বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও আহ্বায়ক, রচনা প্রতিযোগিতা সংক্রান্ত উপ-কমিটি।
১৯. মাননীয় মন্ত্রি মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
২০. মাননীয় প্রতিমন্ত্রি মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

"জাতীয় পাট দিবস" উদযাপন এবং ০৩(তিন) দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা আয়োজন উপলক্ষে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।

সভার সভাপতি : জনাব মির্জা আজম, এম.পি
মাননীয় প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

সভার স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭১০)।

সভার তারিখ : ১৪.০২.২০১৭ খ্রি.

সভাপতি সভাকে অবহিত করেন যে, আগামী ৯ মার্চ ২০১৭ তারিখ কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে জাতীয় পাট দিবস উদযাপনের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতি পাওয়া গিয়েছে। ১-১১ মার্চ পর্যন্ত কর্মসূচী সফলভাবে বাস্তবায়নের লক্ষে এ পর্যন্ত গৃহীত কার্যক্রম উপস্থাপন করার জন্য তিনি অতিরিক্ত সচিব (পরিকল্পনা) কে অনুরোধ জানানো হলে তিনি বিগত সভার সিদ্ধান্তের আলোকে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে জানান:

- বিগত সভার কার্যবিবরণী সকলের নিকট প্রেরণ করা হয়েছে।
- কৃষিবিদ ইনস্টিটিউশনে ৯-১১ মার্চ ২০১৭ এর বরাদ্দ নেয়া হয়েছে।
- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ৬-৮ মার্চ ২০১৭ বুকিং বাতিল করার জন্য পত্র দেয়া হয়েছে।
- হাতিরঝিলে নৌ র‍্যালীর বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র দেয়া হয়েছে।
- প্রতি বছর ৬ মার্চ জাতীয় পাটদিবস উদযাপন ও ৩ দিন ব্যাপী বহুমুখী পাট পণ্যের মেলার জন্য বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের হল অব ফেম, মিল্কিওয়ে এবং অপর দুটি হল বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নামে বিনামূল্যে বরাদ্দ প্রদানের জন্য প্রশাসন-২ অধিশাখা হতে সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরাধ জানানো হবে;
- ঢাকা সিটি করপোশেন উত্তর ও দক্ষিণ কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও দপ্তর সংস্থা এবং ব্যক্তির নিকট জাতীয় পাট দিবস উদযাপনের জন্য সহযোগিতা চেয়ে প্রশাসন-২ অধিশাখা হতে পত্র প্রেরণ করা হচ্ছে।

২. সাব-কমিটি সমূহের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত:

২.১ আমন্ত্রিত অতিথিদের তালিকা ও আমন্ত্রণপত্র প্রস্তুত এবং বিতরণ উপ-কমিটি:
মহাপরিচালক, পাট অধিদপ্তর, সভাকে জানান যে, আমন্ত্রিত অতিথিদের নামের তালিকা চূড়ান্ত করে ১৬ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। আমন্ত্রণ পত্র ও অনুষ্ঠানসূচি তৈরীর বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়ের অনুষ্ঠানসূচি পর্যালোচনা করে তৈরী করতে হবে।

সিদ্ধান্ত:

০১. আগামী ১৯ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ আমন্ত্রিত অতিথিদের তালিকা, অনুষ্ঠানসূচী, মঞ্চের আসন বিন্যাস এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া চূড়ান্ত করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০২. ইভেন্ট ম্যানেজমেন্ট Canvas Bangladesh এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ করে নির্ভুল আমন্ত্রণপত্র মুদ্রণ করতে হবে।

০৩. আমন্ত্রণপত্র বিতরণের কার্যক্রম নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০২

২.২ অর্থ উপ-কমিটি:

উপ-সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ হতে জাতীয় পাট দিবস উদযাপনের জন্য এক কোটি টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে।

সিদ্ধান্ত:

০১. অর্থ বিভাগের সাথে যোগাযোগপূর্বক অর্থ প্রাপ্তি নিশ্চিত করা;

২.৩ অভ্যর্থনা উপ-কমিটি:

অভ্যর্থনা উপ-কমিটির আহবায়ক যুগ্মসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, ইতোমধ্যে তারা ০২টি প্রস্তুতি সভা করে কর্মপন্থা নির্ধারণ করেছেন।

সিদ্ধান্ত:

মন্ত্রণালয় ও পাট অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক অভ্যর্থনার প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করা;

২.৪ এস এস এফ সদস্যগণের সাথে লিয়াঁজো ও সহযোগিতা প্রদান উপ-কমিটি:

যথাসময়ে সভার প্রস্তুতির কার্যক্রম গ্রহণ করা হবে।

সিদ্ধান্ত:

যথাসময়ে এস এস এফ এর সাথে সভা প্রস্তুতির কার্যক্রম গ্রহণ করতে হবে;

২.৫ যানবাহন উপ-কমিটি:

কমিটির আহবায়ক যুগ্মসচিব (বস্ত্র) জানান যে, এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে এবং উপ-কমিটির চাহিদা অনুযায়ী গাড়ি সরবরাহ করা হবে।

সিদ্ধান্ত:

উপকমিটির চাহিদা অনুসারে যথাসময়ে গাড়ি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২.৬ অনুষ্ঠান উপস্হাপনা ও ঘোষণা উপ-কমিটি:

কমিটির আহবায়ক যুগ্মসচিব (পাট-৩) সভাকে জানান যে, তারা ইতোমধ্যে ২ জন ঘোষক-ঘোষিকা, ২ জন ইশারা উপস্থাপক এবং ৪ জন ধর্মগ্রন্থ পাঠকারীর নাম চূড়ান্ত করেছেন। এছাড়া ধারাভাষ্য প্রস্তুত করা হয়েছে যা চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

সিদ্ধান্ত:

উপস্থাপক, ঘোষক-ঘোষিকা ও ইশারা উপস্থাপকদের সাথে যথাসময়ে যোগাযোগ রক্ষাপূর্বক অনুষ্ঠানস্থলে নিয়ে আসা এবং তাদের সম্মানী প্রদান নিশ্চিত করতে হবে।

২.৭ সুভিন্যর প্রকাশনা উপ-কমিটি:

কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (আইন) সভাকে জানান যে, প্রাপ্ত লেখা এবং বাণী সমূহের পান্ডুলিপির সফট কপি ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী Canvas Bangladesh কে প্রদান করা হবে।

সিদ্ধান্ত:

০১. স্যুভেনির যেন তথ্যবহুল, নির্ভুল এবং দৃষ্টিনন্দন হয় সে অনুযায়ী ইভেন্ট ম্যানেজমেন্ট ক্যানভাস বাংলাদেশের মাধ্যমে মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
০২. স্যুভেনির বিতর্কিত কোন বিষয়, ভুল ও বিভ্রান্তিকর কোন তথ্য যেন না থাকে তা কমিটির সকল সদস্যকে নিশ্চিত করতে হবে;
০২. স্থায়ী কমিটির সদস্যগণের ছবি স্যুভেনিরে অন্তর্ভুক্ত করতে হবে।
০৩. উপ-কমিটি মুদ্রণের বিষয়টি তদারকি করবে।

চলমান পাতা-০৩

২.৮ কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা পাস ইস্যুকরণ সংক্রান্ত উপ-কমিটি:

কমিটির আহবায়ক যুগ্মসচিব (অডিট) বলেন, ইতোমধ্যে কর্মকর্তাদের তথ্য পাওয়া গিয়েছে। কিন্তু ইভেন্ট ম্যানেজমেন্ট, পুরস্কার প্রাপকদের তালিকা সহ সংশ্লিষ্ট অন্যান্যদের নামের তালিকা ও তথ্য পাওয়া যায়নি।

সিদ্ধান্ত:

আগামী সভার পূর্বেই সংশ্লিষ্ট সকলের নামের তালিকা উপ-কমিটির নিকট দাখিল করতে হবে।

২.৯ ভাষণ প্রস্তুতকরণ উপ-কমিটি:

কমিটির আহবায়ক সভাকে অবহিত করেন যে, তার কমিটি ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ লেখার কার্যক্রম সম্পন্ন করেছেন। এছাড়া বিশেষ অতিথি বৃন্দের ভাষণের খসড়া প্রস্তুত করা হচ্ছে।

সিদ্ধান্ত:

০১. মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া আগামী ১৯ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০২. বিশেষ অতিথি বৃন্দের ভাষণের খসড়াও যথারীতি প্রেরণ করতে হবে।

২.১০ সম্মেলন কক্ষের সার্বিক ব্যবস্থাপনা উপ-কমিটি:

কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (পাট) জানান যে, তারা ইতোমধ্যে এ বিষয়ে একটি সভা করেছেন। ইভেন্ট ম্যানেজমেন্ট এর সাথে সমন্বয় করে এ বিষয়ে কাজ করবেন।

সিদ্ধান্ত:

০১. ইভেন্ট ম্যানেজমেন্ট মাধ্যমে সম্মেলন কক্ষ ও এ সংক্রান্ত মঞ্চ সজ্জা, সাউন্ড সিস্টেম এবং আলোকসজ্জা, এলইডি স্থাপন ইত্যাদি নিশ্চিত করতে হবে;

০২. ক্যানভাস বাংলাদেশ কর্তৃক সম্মেলন কক্ষের সাজসজ্জার বিষয়টি তদারকি করতে হবে।

২.১১ আসন ব্যবস্থাপনা উপ-কমিটি:

কমিটির আহবায়ক যুগ্মসচিব (বস্ত্র-২) সভাকে জানান তিনি সম্মেলন কক্ষ পরিদর্শন করেছেন। তিনি সম্মেলন কক্ষের বিদ্যমান আসনের আলোকে প্রস্তুতি গ্রহণ করেছেন। পাটের ব্যাগে বিভিন্ন উপকরণ সংগ্রহের কার্যক্রম গ্রহণ করেছেন।

সিদ্ধান্ত:

০১.মঞ্চে এবং দর্শক সারিতে সম্মানিত অতিথিবৃন্দের পদমর্যাদা ভিত্তিক আসন সংরক্ষণ করতে হবে।

০২. সম্মানিত অতিথিবৃন্দের জন্য পাটের ব্যাগের উপহার সামগ্রী ও যথাযথ বিতরণ নিশ্চিত করতে হবে।

২.১২ ডিসপ্লে ও পাটপণ্য মেলা আয়োজন উপ-কমিটি:

কমিটির আহবায়ক সভাকে অবহিত করেন যে, ইভেন্ট ম্যানেজমেন্ট সংস্থা Grey Bangladesh মেলার স্থান পরিদর্শন করেছেন এবং একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করেছেন। যা সভায় পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রেজেন্টেশন করা হয়।

সিদ্ধান্তঃ

০১. ইভেন্ট ম্যানেজমেন্ট সংস্থা Grey Bangladesh কে দৃষ্টিনন্দন ভাবে মেলার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.১৩ শ্লোগান নির্ধারণ করাসহ থিম সং প্রস্তুতকরণ সংক্রান্ত উপ-কমিটি:

Canvas Bangladesh কর্তৃক প্রাথমিকভাবে প্রস্তুতকৃত থিম সং উপস্থাপন করা হয়। যা পূর্ণাঙ্গভাবে সুরারোপ করে আগামি ২৫ ফেব্রুয়ারি মন্ত্রণালয়ে উপস্থাপন করা হবে। আহবায়ক জানান মিডিয়া পার্টনার হিসেবে TV Channel News 24, দৈনিক পত্রিকা কালের কন্ঠ, বাংলাদেশ প্রতিদিন, Daily Sun এবং অনলাইন পত্রিকা Bangla News এর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

চলমান ৪

সিদ্ধান্তঃ

০১. থিম সংটি শ্রুতিমধুর না হলে পূর্বের থিম সংটি বহাল থাকবে।

২.১৪ সারা দেশব্যাপী একই ধরণের পোষ্টার, লিফলেট, ব্যানার ফেস্টুনসমূহ কেন্দ্রীয়ভাবে নির্দিষ্টকরণ সংক্রান্ত উপ-কমিটি:

মহাপরিচালক, পাট অধিদপ্তর জানান যে, এ বিষয়ে সারা দেশব্যাপী একই ধরণের পোষ্টার, লিফলেট, ব্যানার ফেস্টুন ব্যাপকভাবে প্রচারের জন্য সফট কপি জেলা ও উপজেলা পর্যায়ে প্রেরণ করা হবে। স্থানীয় ভাবে মুদ্রণ করে প্রচার করতে হবে।

সিদ্ধান্তঃ

০১. জরুরী ভিত্তিতে পোষ্টার, লিফলেট, ব্যানার ফেস্টুনের সফট্ কপি জেলা-উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করে যথাযথভাবে মুদ্রণ ও ব্যবহার নিশ্চিত করতে হবে;

০২. Canvas Bangladesh এর মাধ্যমে ঢাকার গুরুত্বপূর্ণ স্থান, সড়ক ও সড়ক দ্বীপে পোস্টার, ব্যানার, ফেস্টুন দ্বারা সজ্জিতকরণ এবং আলোকসজ্জা নিশ্চিত করতে হবে;

২.১৫ পাটপণ্যবাহী ঘোড়ার গাড়ি সাজসজ্জা করণ এবং র‌্যালী ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত উপ-কমিটি:

Canvas Bangladesh এ বিষয়ে নিম্নরুপ কর্মপরিকল্পনা প্রস্তুত করেছে।

০১. ক) ৪ মার্চ ২০১৭ বিকাল ৪.০০ টায় হাতিরঝিলে নৌ র‌্যালী অনুষ্ঠিত হবে। র‌্যালীতে নৌকা, পাল, শুকনা পাট, জাতীর জনক বঙ্গবন্ধু শেখে মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রীর প্রিন্ট ছবি, মাঝি, একটি নৌকায় বসার ব্যবস্থা, টোপর, হাতিরঝিল সাজনো, ব্যান্ড দল, সোফা দিয়ে অতিথির বসার ব্যবস্থা, সাউন্ড সিস্টেম, প্রচারনা/বিটিভি স্ক্রলিং/ঘোষনা, থিম সং বাজানো, মাঝিদের গেঞ্জি ইত্যাদি থাকবে;

খ) এছাড়া র‌্যালীতে অডিও ভিজ্যুয়াল ভিডিও থাকবে;

গ) কনসার্টে ভারতের দোহার শিল্পী গোষ্ঠি ও সহজমা, এছাড়া গীতিনাট্যের জন্য বহরমপুর শিল্পকলা কেন্দ্রের শিল্পীগোষ্ঠী থাকবে, বাংলাদেশ থেকে শিল্পী গোষ্ঠি চিরকুট, জলের গান ও সঙ্গীত শিল্পী আব্দুল জব্বার, কোনাল ও মোহাম্মদ শোয়েব উপস্থিত থাকবেন।

০২. ৫ মার্চ ২০১৭ জাতীয় সংসদ ভবনের সামনে পাটের তৈরী ক্যানভাসে চিত্রাঙ্কণের জন্য খ্যাতনামা ২০ জন শিল্পীকে আমন্ত্রণ জানানো হবে। এছাড়া বিশ্ববিদ্যালয়, কলেজ, স্কুল থেকে দর্শন/স্বাক্ষরের জন্য শিক্ষক, ছাত্র-ছাত্রী ও বিশিষ্ট জনদের আনা হবে।

০৩. ০৬ মার্চ ২০১৭ তারিখে র‌্যালীতে উপস্থিত সকলের জন্য গেঞ্জী থাকবে, ১০০ রিক্সা ব্র্যান্ডিং, ১০ টি ঘোড়ার গাড়ি, ট্রাক ব্র্যান্ডিং, বাদক দল, মাথায় টোপর ও কাধে গামছা সহ কৃষক, বিভিন্ন মডেল এবং সেলিব্রেটি সহ বিদেশিদের উপস্থিতি রাখা হবে। সাথে থিম সং বাজানো হবে।

সিদ্ধান্তঃ

সংশ্লিষ্ট উপ কমিটির সদস্যগণকে Canvas Bangladesh এর উল্লিখিত কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সমন্বয় ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২.১৬ রচনা প্রতিযোগিতা সংক্রান্ত উপ-কমিটি:

কমিটির আহবায়কের অনুপস্থিতিতে সদস্য সচিব বেগম তানিয়া খান জানান যে, আগামি ১৫ ফেব্রুয়ারীর মধ্যে রচনা প্রতিযোগীতায় বিজয়ীদের তালিকা সংগ্রহ করা হবে।

সিদ্ধান্তঃ

০১. আহবায়ক প্রশিক্ষনে থাকায় উপ-প্রধান বেগম তানিয়া খান কমিটির সার্বিক কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবে।

০২. বিজয়ীদের এসবি পাশের জন্য তথ্য সংগ্রহ করে সংশ্লিষ্ট উপ-কমিটির নিকট প্রেরণ করতে হবে।

০৩. বিজয়ীদের জন্য প্রদেয় ক্রেস্টে ও সনদপত্রের নমুনার অনুমোদন গ্রহণ করতে হবে।

০৪. বিজয়ীদের ১ম পুরস্কার ২০ হাজার, ২য় পুরস্কার ১৫ হাজার এবং ৩য় পুরস্কার ১০ হাজার টাকার মূল্যমানের প্রাইজবন্ড দিতে হবে।

চলমান পাতা-০৫

০৫. পুরষ্কার প্রাপকগণের জন্য আবাসন ও যাতায়াত ব্যবস্থা করতে হবে।

০৬. পুরষ্কার প্রাপ্তগণের ৮ মার্চ ২০১৭ অনুষ্ঠিতব্য রিহার্সেলে উপস্থিতি ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

২.১৭ ক্রোড়পত্র, ডকুমেন্টারী ও প্রচার সংক্রান্ত উপ-কমিটি:

কমিটির আহবায়ক সভাকে জানান যে, ক্রোড়পত্রের একটি ডামি প্রস্তুত করা হয়েছে, গ্রে-বাংলাদেশ একটি ডকুমেন্টারি তৈরী করছে।

সিদ্ধান্তঃ

০১. যথাসময়ে ক্রোড়পত্রের খসড়া প্রস্তুতপূর্বক অনুমোদন গ্রহণ করা;

০২. প্রচারের জন্য তথ্য মন্ত্রনালয়, বিটিআরসি, বিটিভি ও বেসরকারী টেলিভিশন সংগঠন এ্যাটকো'র নিকট পত্র প্রেরণ করা।

০৩. টকশো এবং গোলটেবিল বৈঠকের আয়োজন করা।

০৪. ডকুমেন্টারী তৈরী করে মন্ত্রণালয়ে উপস্থাপন করতে হবে।

০৫. মোবাইল মেসেজ এবং ফেসবুকে প্রচার কার্যক্রম অব্যাহত থাকবে।

২.১৮ পুরষ্কার প্রদান সংক্রান্ত উপ-কমিটি:

সভায় আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

০১. পুরষ্কার প্রদানের জন্য সেরা পাটচাষী, সেরা পাট বীজ উদপাদনকারী, শ্রেষ্ঠ পাটকল, পাটপণ্য ও বহুমুখী পাটপণ্য রপ্তানীকারী প্রতিষ্ঠান প্রভৃতি ক্যাটাগরীতে পুরষ্কার প্রদানের জন্য যাঁচাই বাছাই করতে হবে।

০২. পুরষ্কারের জন্য ক্রেস্ট ও সনদের নমুনার অনুমোদন গ্রহণ করতে হবে ।

০৩. পুরষ্কার প্রাপ্তদের এসবি পাশের জন্য তথ্য সংগ্রহ করে সংশ্লিষ্ট উপ-কমিটির নিকট প্রেরণ করতে হবে এবং পুরষ্কার প্রাপ্তদের রিহার্সেলে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

সভায় গৃহীত সিদ্ধান্ত সমুহ বাস্তাবায়নের অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মির্জা আজম, এম.পি)
প্রতিমন্ত্রী
বস্ত্র ও পাট মন্ত্রণালয়।